# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ
E-mail: chapaipbs@gmail.com
web : pbs.chapainawabganj.gov.bd

ISO 9001:2015

মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০৩৮.২৪. ১৮২৬

তারিখ- ০৫ বৈশাখ, ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল, ২০২৪ খ্রিঃ

**বিষয়ঃ-** অত্র সমিতির সাহাপাড়া সাব-জোনাল অফিসের জন্য সিসিটিভি ক্যামেরা ক্রয়/স্থাপনের জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধজ্ঞাপন পত্র দরপত্র নং-৫০/২০২৩-২০২৪" ।

১. চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর আওতাধীন সাহাপাড়া সাব-জোনাল অফিসে সিসিটিভি ক্যামেরা ক্রয়/ স্থাপনের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/এজেন্ট/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. মালামাল সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট pbs.chapainawabganj.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষ্যে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে চাঁপাইনবাবগঞ্জ পবিস হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী ৩০/০৪/২০২৪ খ্রিঃ **তারিখ এবং সময় ১১:০০ ঘটিকায়** কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে সাহাপাড়া সাব-জোনাল অফিসে **জন্য সিসিটিভি ক্যামেরা ক্রয়/স্থাপনের"** জন্য কোটেশন এবং আগামী ৩০/০৪/২০২৪ খ্রিঃ **তারিখ এবং সময়- বেলা ১১:৩৫** এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমূহ ৩০/০৪/২০২৪ খ্রিঃ **তারিখ বেলা ১১:৩৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে । দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট** pbs.chapainawabganj.gov.bd **এ দেখা যাবে।**

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর, আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরুপ হালনাগাদকৃত
   ক) বৈধ ট্রেড লাইসেন্স সত্যায়িত,
   খ) টিআইএন নম্বর ও সর্বশেষ রিটার্ণ দাখিলের জমা স্লিপ সত্যায়িত,
   গ) ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং
   ঘ) কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ সত্যায়িত দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রেকমপক্ষে ৩ (তিন) টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতিথাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত)দিনের মধ্যে কাজ সম্পাদন করতে হবে।

১৬. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে নিরাপত্তা জামানত বাবদ ১০% অর্থ কর্তন করে রাখা হবে, যা কোন প্রকার আপত্তি না থাকলে ০১(এক)বছর পর ফেরত প্রদান করা হবে।

১৭. বাপবিবো/পবিস/সরকারী/আধা-সরকারী প্রতিষ্ঠানে একক কার্যাদেশের বিপরীতে দরদাতা কর্তৃক উদ্ধৃত মোট মূল্যের শতকরা ৫০% ভাগ (কমপক্ষে)মূল্যের কম্পিউটার ও আনুসাঙ্গিক যন্ত্রাংশ সংগ্রহের অভিজ্ঞতার সনদপত্র।

১৮. বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্যপদের অধিকারী হওয়ার বিষয়ে কম্পিউটার সমিতির এতদসংক্রান্ত পত্রের অনুলিপি (সদস্য নম্বর উল্লেখ থাকতে হবে)।

১৯. কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সন্তোষজনকভাবে সিসিটিভি ক্যামেরা সরবরাহ ও কনফিগারেশন কাজের অভিজ্ঞতা সনদপত্র (সনদপত্রের সঠিকতা যাচাইয়ে বর্ণিত কাজের কার্যাদেশ ও কার্য্য সম্পাদনের সনদপত্র থাকা বাঞ্ছনীয়)। কার্যাদেশ প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের প্রদত্ত দলিলাদি পবিস/বাপবিবোর প্রতিনিধি সরেজমিনে যাচাই করতে পারবেন।

২০. বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টারের ঠিকানা এবং এতদউদ্দেশ্যে নিয়োজিত (স্থায়ী লোকবল) ব্যক্তি/ব্যক্তিবর্গের (নূন্যতম ০২ জন) জীবন বৃত্তান্ত ফটো (উল্লেখ্য যে, কার্যাদেশ প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের অফিস ও সার্ভিস সেন্টার পবিস/বাপবিবোর্ডের প্রতিনিধি পরিদর্শন করতে পারবেন)।

২১. সমিতির প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে পৃথক পৃথক ভাবে নির্দিষ্ট মডেলের দরপত্র।

২২. পবিসের প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী স্থানীয় বাজারে মালামাল না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে আপার মডেলের মালমালের দর প্রদান করা যাবে, তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের পর্যাপ্ত কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণী সহ)।

২৩. Dealer/Distributor/Re-Seller নূন্যতম GID হিসাবে কম্পিউটার ব্যবসায় সনদ।

২৪. দাখিলকৃত Specification এর সাথে Componentএর Technical Specificationএর বর্ণনা সহ Brochures দাখিল করিতে হবে।

২৫. ভ্যাট/টার্ন ওভার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি।

২৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহকরতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

২৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকারসংরক্ষণ করে।

২৮. দরপত্র দাখিলের পূর্বে মালামালের কোয়ালিটি/স্পেসিফিকেশন ইত্যাদি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনে অত্র পবিসের এজিএম(আইটি), মোবাইল নম্বর (০১৭০৪১০৬৬১১) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

২৯. কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান-কে পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল এ বর্ণিত মালামালসমূহ অবশ্যই সরবরাহের পূর্বে অত্র পবিসের যথাযথ কর্তৃপক্ষকে মালামালের নমুনা দেখিয়ে অনুমোদন গ্রহণ করতঃ সরবরাহ নিশ্চিত করতে হবে।

৩০. নিজ খরচে মালামাল পরিবহন ও স্থাপন সম্পূর্ণ করতে হবে।

18.04.24
(প্রকৌঃ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন গ্রহণ ও খোলার অনুরোধসহ)
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------------------------পবিস-১/২/৩/৪।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, চাঁপাইনবাবগঞ্জ।
০৯। নির্বাহী প্রকৌশলী, (এস ওডি ),বাপবিবোর্ড, রাজশাহী।
১০। ডিজিএম, সদর-কারিগরী /শিবগঞ্জ/নাচোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১১। সহকারী প্রকৌশলী,(এসওডি),বাপবিবোর্ড, চাঁপাইনবাবগঞ্জ।
১২। এজিএম (ওএন্ডএম), মহারাজপুর/সাহাপাড়া সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৩। এজিএম (অর্থ/সঃসেবা/ওএন্ডএম/ ইএন্ডসি), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৪। এজিএম (আইটি),চাঁপাইনবাবগঞ্জ পবিস। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৫। মেসার্স ---------------------------------------------------------------------------।
১৬। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৭। অফিস কপি/মাস্টার কপি।

18.04.24
(প্রকৌঃ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশনের স্মারক নম্বর ((৫১/২০২৩-২০২৪), তারিখ: ১৮/০৪/২০২৪খ্রিঃ

প্রতি

**জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "সাহাপাড়া সাব-জোনাল অফিসের জন্য সিসিটিভি ক্যামেরা ক্রয়/স্থাপনের"কাজ করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা -------------------------কথায়ঃ----------------------------

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৮/০৪/২০২৪খ্রিঃ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর

তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশনের স্মারক নম্বরঃ-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০৩৮.২৪. , তারিখঃ ১৮/০৪/২০২৪খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর | আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য | | মোট মূল্য | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | অংকে | কথায় | অংকে | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ০১ | - | 8 Channel NVR | Nos | 01 | | | | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তরের কমন সার্ভিস স্টোর |
| ০২ | - | IP Bullet Camera | Nos | 02 | | | | |
| ০৩ | - | Indoor IP( Dome ) Camera | Nos | 03 | | | | |
| ০৪ | - | Hard Disk 4TB | Nos | 01 | | | | |
| ০৫ | - | LED Monitor 21.5 Inch | Nos | 01 | | | | |
| ০৬ | - | POE Switch (08 Port) | Nos | 01 | | | | |
| ০৭ | - | Housing Unit | Nos | 02 | | | | |
| ০৮ | - | UTP Cat-6 Cable | Meter | 305 Meter | | | | |
| ০৯ | - | Connector, RJ-45 | Nos | 20 | | | | |
| ১০ | - | Power Cable & Accessories for camera | ft | 1000 | | | | |
| ১১ | - | UPS (3000VA) | Nos | 01 | | | | |
| ১২ | - | Installation Charge | Nos | 05 | | | | |

# SPECIFICATIONS FOR CCTV CAMERA (IP BASE) & ACCESSORIES

| **08 Channel NVR** | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| IP video input (Minimum) | Minimum 08-channel |
| | Minimum 8 MP resolution |
| Two-way audio | 1-ch, RCA (2.0 Vp-p, 1 k Ω) |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Minimum Incoming bandwidth | Min. 80 Mbps |
| Minimum Outgoing bandwidth | Min. 80 Mbps |
| Minimum Remote connection | Min. 32 |
| Recording resolution | Min. 8 MP resolution |
| Video output mode | HDMI/VGA simultaneous output |
| Decoding format | H.265+/H.265/H.264/H.264 |
| Synchronous playback | 08-ch |
| Network protocols | TCP/IP, DHCP, DNS, DDNS, NTP, SMTP, NFS, HTTPS |
| SATA | Min. 1 SATA interfaces |
| Capacity | Up to 4TB capacity for each HDD |
| Network interface | Minimum 1, RJ-45 10/100/1000 Mbps self-adaptive Ethernet interface |
| USB interface | Front panel: 1 × USB 2.0; Rear panel: 1 × USB 2.0 |
| Warranty | 01 (One) Year |

| **4 MP Fixed Bullet Network Camera** | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Image Sensor | Min. 1/2.9" Progressive Scan CMOS |
| Min. Illumination | Mn Color: 0.02 Lux @ (F1.0, AGC ON) or higher |
| Wide Dynamic Range | 120 dB |
| Lens Mount | M12 |
| IR Range | Min. 30 m |
| Visual Alarm | Yes |
| Resolution | Minimum 2560 × 1440 |
| Video Compression | H.265/H.264/H.265/MJPEG |
| Video Bit Rate | Min.32 Kbps to 6144 Kbps |
| Protocols | TCP/IP, ICMP, HTTP, HTTPS, FTP, DHCP,DNS, DDNS, NTP,SMTP,IGMP, IPv4, IPv6, UDP, ARP, SNMP |
| Bit Rate Control | CBR/VBR |
| Region of Interest (ROI) | 1 fixed region for main stream and sub-stream |

| | |
|---|---|
| Audio Compression | G.711A/G.711Mu/G.726 |
| User/Host | Min. 20 users. 3 user levels: administrator, operator and user |
| Image Enhancement | BLC, HLC, 3D DNR |
| API | Open Network Video interface (PROFILES. PROFILE G), ISAPI |
| Ethernet Interface | 1 RJ45 10 M/100 M self-adaptive Ethernet port |
| Power Supply | 12 VDC ± 25%; PoE: 802.3af |
| Camera Material | Metal& Plastic |
| Protection | IP67 |
| Warranty | 01 (One) Year |

| **4 MP Network Dome Camera** | |
|---|---|
| **Descriptions** | **Descriptions** |
| Brand | Brand |
| Model | Model |
| Country of Origin | Country of Origin |
| Country of Manufacturer | Country of Manufacturer |
| **Technical Specification** | |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Image Sensor | Min.1/2.9" Progressive Scan CMOS |
| Illumination | Min. 0.01 Lux @ (F2.0, AGC ON), 0 Lux with Light |
| Wide Dynamic Range | Min. 120 dB |
| Lens Mount | M12 |
| IR Range | Min. 30 m |
| Resolution | Min. 2560 × 1440 or Higher |
| Video Compression | H.265/H.264/H.265/MJPEG |
| Bit Rate Control | CBR/VBR |
| Region of Interest (ROI) | Min. 1 fixed region for main stream and sub-stream |
| Audio Compression | G.711ulaw/G.711alaw/G.722.1/G.726/MP2L2/PCM/MP3/AAC |
| Simultaneous Live View | Up to 6 channels |
| Protocols | TCP/IP, ICMP, HTTP, HTTPS, FTP, DHCP, DNS, DDNS, NTP,SMTP,IGMP, IPv4, IPv6, UDP, ARP, SNMP |
| API | Open Network Video Interface, ISAPI |
| Image Enhancement | BLC, HLC, 3D DNR |
| Communication Interface | 1 RJ45 10 M/100 M self-adaptive Ethernet port |
| Basic Event | Motion detection, video tampering alarm, exception |
| Power Supply | 12 VDC ± 25%, reverse polarity protection |
| | PoE: 802.3af, |
| Material | Metal & Plastic |
| Protection | IP67 |
| Warranty | 01 (One) Year |

| **4TB Surveillance HDD** | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |

| Technical Specification | |
|---|---|
| Specifications | Minimum 4TB |
| Product Type | Surveillance HDD |
| Interface | SATA 6Gb/s |
| Cache, MB | 128 |
| Surveillance Performance | |
| Surveillance Performance Max Sustained Data Rate, OD Read (MB/s) | 180 |
| Warranty | 01 (One) Year |

| 22 inch Monitor | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| Display Size | 21.5 inches / 54.61 cm |
| Shape | Wide Screen Monitor |
| Display Type | FULL HD 1080p |
| Display Resolution | Minimum 1920 x 1080 at 60Hz |
| Brightness | 250 cd/m² |
| Contrast Ratio | 1000:1 (Typical) |
| Connectivity | VGA & HDMI |
| Typical viewing angle | 178° Degree (H) /178° Degree (V) |
| Backlight Technology | LED Edgelight System |
| Response Time | 5 ms typical (black to gray, gray to black) |
| Aspect Ratio | >16:9 |
| Panel Type | In-Plane Switching (IPS); Anti-glare with 3H hardness |
| Speaker | NO |
| Colour depth | 16.7 Million Colours |
| I/O Slots | NO |
| Warranty | 01 (One) Years |

| 08-Port PoE Network Switch | |
|---|---|
| **Descriptions** | **Minimum Required Specification** |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| ASMAG | Brand Should be at top 5 in Surveillance Ranking |
| Port number | 08X100Mbps PoE Ports, 1x10/200 mbps RJ-45 port. |
| Switching capacity. | Min. 1.8 Gbps |

| | |
|---|---|
| Packet forwarding rate | Min. 1.34Mbps |
| PoE port | Ports 1 to 08 |
| Max. port power | Min. 30 W |
| PoE power budget | Min. 60 W |
| Max. power consumption | Min 65 W |
| Power supply | 48 VPC . 1.35A |
| Warranty | 01 (One) Year |

| **Housing Unit** | |
|---|---|
| Brand | To be Mentioned by bidder |
| Model | To be mentioned |
| Type | Outdoor |
| Materials | Ammonium or SS |
| Description | To be supplied and set as per camera |
| Others | Sample Housing unite to be approved by the authority before installation |

| **UTP Cat-6 PVC 23 AWG Cable** | | |
|---|---|---|
| Descriptions | Minimum Required Specification | |
| Brand | To Be Mentioned By Tenderer | |
| Model | To Be Mentioned By Tenderer | |
| Country of Origin | To Be Mentioned By Tenderer | |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer | |
| **Technical Specification** | | |
| Category | Cat.6 | |
| Reference standard | ISO/IEC11801, ANSI/TIA-568-C.2, RoHS 2.0 | |
| Fire resistance | No | |
| Conductor | Material | Solid-Bare Copper (99.95%) |
| | Diameter | 0.55 ± 0.005 mm, 23 AWG |
| Insulation | Material | HDPE |
| | Diameter | 0.98 ± 0.05 mm |
| Sheath | Thickness | 0.50 ± 0.10 mm |
| | Diameter | 6.00 ± 0.30 mm |
| | Material | PVC |
| | Color | Orange |
| Rip-cord | Yes | |
| Separator | Yes | |

| **RJ-45 Connector, Cat-6** | |
|---|---|
| Descriptions | Minimum Required Specification |
| Brand | To Be Mentioned By Tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| **Technical Specification** | |
| Product | RJ-45 Connector, Cat-6 |
| Plug Type | RJ-45, Cat-6 |
| Ethernet Speed | Gigabit |

| | |
|---|---|
| Molding Type | snag-less |
| Maximum data signal | Yes |

| 3 KVA Online UPS | |
|---|---|
| Brand | Internationally Reputed Brand. |
| Model | To be mentioned by the bidder |
| Country of Origin | To be mentioned by the bidder |
| Capacity | Minimum 3000 VA or Higher |
| Backup time | Minimum 15-30 Minutes depending on load |
| Input voltage range | Min. 110-280V AC. |
| Frequency | 50 Hz ± 5%. |
| Protection | Fuse. |
| Output voltage | 220V AC ± 5%. |
| Transfer time | 0 ms |
| Battery | Min. 6 pcs with 12V & 7Ah |
| Recharge time | Min 4-8 hrs to 90% after fully discharge. |
| No. of battery blocks | Min. 6 |
| Protection | Built-in Automatic voltage Regulator with lightning surge protection, Spike burnouts, over voltage & under Voltage cut- off, Battery low & over charge protection & Surge protection. |
| Accessories | Completed with configuration as per site requirement. |
| Warranty | 01 (One) Years. |

| PVC Pipe/Channel | |
|---|---|
| Descriptions | Minimum Required Specification |
| Brand | Mention By the tenderer |
| Model | To Be Mentioned By Tenderer |
| Country of Origin | To Be Mentioned By Tenderer |
| Country of Manufacturer | To Be Mentioned By Tenderer |
| Technical Specification | PVC Pipe/Channel 0.75/1 inch dia minimum wall thickness 1.5 mm. |

| Installation Configuration, Cable Laying and Service | |
|---|---|
| Technical Specification | |
| UTP and Power Cable Laying-Surface | UTP Cable and power Laying in building Surface area with Concealed with PVC Pipe/Channel |
| Installation & Configuration of all CCTV Solution | VMS Configuration & Camera Installation |
| Warranty | 1 (One) Year Service warranty |

## আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবাসম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশন দাতার স্বাক্ষর | তারিখ: ------------------ |
| কোটেশন দাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যেপ্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবারকারিগরি দক্ষতা,দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম , দ্রব্যাদি এবংআনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতেসব সাম্প্রতিক উৎকর্ষ সন্নেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী)ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জসপূণ্য হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (br ochur es) সংযুক্ত করবে।

## পণ্যের সরবরাহ ও মূল্যপরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবংব্যবস্থাপনা জন্য এখানে বর্নিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।

২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণতপাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।

৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ০৭ (সাত) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ীসর্বোতভাবে কাজ সমাপ্ত করতে হবে।

৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দূর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফশীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।

৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।

৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক পরিবহনকৃত পন্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলেসরবরাহকারীকে জানাবে।

৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।

৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স,শুল্ক, ফিএবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।

৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলীত তফশীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে । সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।

১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১১. মোট চুক্তি মূল্য টাকা **অংকে**--------------------------------- [**কথায়**----------------------------------------------------- ]

১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ [**প্রযোজ্য নয়**] ।

১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালার বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।

১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।

১৫. পণ্য এবং সংশ্লিস্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোন দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিস্পত্তি করবে।

১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতরসরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।

১৭. কোনো অবস্থাতেই ক্রয়াদেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমানের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।

১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:

ক. সরবরাহের তফশীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।

খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ক্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকান্ডে জড়িত ।

গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।

২০. এই চুক্তি হতে উদ্ভুত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

২২. নির্ধারিত তারিখের মধ্যে যথাযথভাবে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে কার্যাদেশ বাতিলসহ প্রয়োজনীয় প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. যথাসময়ে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতি দিন বিলম্বের জন্য বিলম্বে সরবরাহকৃত মালামালের চুক্তি মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে সরবরাহকৃত মালামালের মূল্য হইতে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

| | |
|---|---|
| প্রকৌঃ মোঃ ছানোয়ার হোসেন<br>জেনারেল ম্যানেজার<br>চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি<br>নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ। | সরবরাহকারীর জন্য<br><br>নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর |